

চট্টগ্রাম সিটি কর্পোরেশন

জনসংযোগ শাখা

চট্টগ্রাম

মোবাইল নং-০১৮২৪৪৭৭৬৯৩



শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

(প্রেস বিজ্ঞপ্তি)

০৯ আগস্ট ২০২১খ্রি.

মোজাইক ও টাইলস্ শ্রমিকদের মাঝে প্রধানমন্ত্রীর উপহার বিতরণকালে মেয়র লকডাউন শিথিলতাকে অবজ্ঞা করলে পরিস্থিতি আরো ভয়ানক রূপ নিতে পারে

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র মো. রেজাউল করিম চৌধুরী বলেছেন, কোভিড-১৯ এর সংক্রমণ ও মৃত্যুহার উর্ধ্বগতি হলেও মানুষের জীবিকার উপর গুরুত্ব দিয়ে সরকার লকডাউন শিথিল করার পদক্ষেপ নিয়েছে। এই লকডাউন শিথিলতাকে অবজ্ঞা করলে পরিস্থিতি আরো ভয়ানক রূপ নিতে পারে। তাই শাস্ত্র অধিদপ্তর ঘোষিত সকল শাস্ত্রবিধি নিজেদের শাস্ত্র মেনে চলতে হবে। তিনি সরকার কর্তৃক গণটিকা দান কর্মসূচী চলাকালে নিজের টিকা নিজে গ্রহণ করে অন্যকে টিকা নিতে সকল ধরণের সহযোগিতা করার আহ্বান জানান। তিনি আজ সোমবার সকালে নগরীর টাইগারপাসস্থ বিন্যাঘাস প্রকল্প চত্তরে মোজাইক ও টাইলস্ লোড-আনলোড শ্রমিক ইউনিয়ন সদস্যদের মাঝে প্রধানমন্ত্রীর উপহার সামগ্রী (খাদ্য) বিতরণকালে এ কথা বলেন।

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের সচিব খালেদ মাহমুদের সভাপতিত্বে অনুষ্ঠানে বক্তব্য রাখেন লেবার ফেডারেশন মহানগর কমিটির সভাপতি আনোয়ার হোসেন, লোড-আনলোড শ্রমিক নেতা ফেরদৌস জামান মুকুল, রবিউল ইসলাম, নুরে আলম, এম.এন ইসলাম রানা, মো. কামরুল ইসলাম, মো. বেলাল হোসেন, মো. জাহাঙ্গীর, মো. হেলাল প্রমুখ।

মেয়র আরো বলেন, করোনার পাশাপাশি ডেঙ্গু ও চিকনগুনিয়ার প্রাদুর্ভাব দেখা দিয়েছে। এই পরিস্থিতি সামাল দিতে চসিক মাসব্যাপী মশক নিধনের ক্র্যাশ প্রোগ্রাম শুরু করেছে। প্রতিদিন ৪টি ওয়ার্ডে ১০০জন স্প্রেম্যান দিয়ে এই কার্যক্রম চলমান রয়েছে। জনসাধারণকে ডেঙ্গু ও চিকনগুনিয়া প্রতিরোধে নিজেদের ঘরবাড়ির আশপাশ পরিষ্কার-পরিচ্ছন্ন এবং কোথাও যাতে ঝাঁপ পানি জমে না থাকে সেদিকে লক্ষ্য রাখতে হবে। তিনি ক্র্যাশ প্রোগ্রাম চলাকালে কোন অভিযোগ থাকলে সংশ্লিষ্ট ওয়ার্ড কাউন্সিলরকে অবগত করার আহ্বান জানান।

চসিককে সাংসদ ফজলে করিম চৌধুরীর অক্সিজেন কনসোল্টার প্রদান

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র মো. রেজাউল করিম চৌধুরীর নিকট জাতীয় সংসদ সদস্য এ.বি.এম ফজলে করিম চৌধুরীর পক্ষে শাস্ত্র স্ট্যান্ডিং কমিটির সভাপতি জহর লাল হাজারী চসিক আইসোলেশন সেন্টারের জন্য একটি অত্যাধুনিক শাস্ত্র অক্সিজেন কনসোল্টার হস্তান্তর করেন। অক্সিজেন কনসোল্টার গ্রহণকালে মেয়র বলেন, করোনার আক্রান্ত রোগীদের সেবায় এ ধরণের মহতি উদ্যোগ প্রশংসনীয়। তিনি বলেন, দু্যোগকালীন সময়ে সমাজের বিস্তান ও দায়িত্বশীলরা যদি এগিয়ে আসেন তাহলে সাধারণ জনগণ অনেক উপকৃত হন। মেয়র করোনার অতিমারিতে সর্বস্তরের নাগরিকদের শাস্ত্র অধিদপ্তরের ঘোষিত শাস্ত্রবিধি মেনে চলার আহ্বান জানান। এ সময় ওয়ার্ড কাউন্সিলর আবদুস সালাম মাসুম, মো. মোবারক আলী, পুলক খাস্তগীর, সমাজসেবক সত্যজিৎ চৌধুরী টুলু উপস্থিত ছিলেন।

জাতীয় শোক দিবস উপলক্ষে চসিকের রচনা ও চিত্রাংকন প্রতিযোগিতা

স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৬তম শাহাদাত বার্ষিকীতে জাতীয় শোক দিবস উপলক্ষে চট্টগ্রাম সিটি কর্পোরেশনের উদ্যোগে চসিক পরিচালিত শিক্ষা প্রতিষ্ঠানের ছাত্র-ছাত্রীদের অংশগ্রহণে ৬ষ্ঠ, ৭ম, ৮ম শ্রেণী 'বঙ্গবন্ধু ও সোনার বাংলা' এবং ৩য় থেকে ৫ম শ্রেণী 'বঙ্গবন্ধু ও বাংলাদেশ' শিরোনামে চিত্রাংকন প্রতিযোগিতা এবং ৮ম থেকে ১০ম শ্রেণী পর্যন্ত ৭০০ শব্দের মধ্যে 'মুক্তিযুদ্ধ ও বাংলাদেশ' এবং একাদশ থেকে দ্বাদশ শ্রেণী পর্যন্ত ১০০০ শব্দের মধ্যে 'ডিজিটাল বাংলাদেশ অনলাইনে রচনা প্রতিযোগিতা' অনুষ্ঠিত হবে। আগামী ১৪ই আগস্টের মধ্যে প্রধান শিক্ষা কর্মকর্তার ইমেইল আইডি chiefeducationofficer18@yahoo.com -তে jpg/pdf ফরম্যাটে প্রেরণ করার জন্য আহ্বান জানানো হয়েছে।

স্বাক্ষরিত/-

(কালাম চৌধুরী)

জনসংযোগ কর্মকর্তা (অতিরিক্ত দায়িত্ব)

চট্টগ্রাম সিটি কর্পোরেশন

মোবাইল-০১৮২৪-৪৭৭৬৯৩